

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

১ম-১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)

সেগুনবাগিচা, ঢাকা।

www.bkkb.gov.bd

নং ০৫.৮১.০০০০.০০১.০১.০০৭.০২(খন্দ-৩). ১৩৮-

তারিখ: ২০/০৩/২০১৫ খ্রি।

পরিপত্র

বিষয়: দাফন অনুদানের আবেদন দাখিলের সময়সীমা ও অনুদান প্রাপক সম্পর্কে স্পষ্টীকরণ এবং কল্যাণ তহবিল হতে প্রদেয় অনুদান, যৌথবীমা ও দাফন অনুদানের আবেদন নিষ্পত্তি সংজ্ঞান্ত।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ এবং বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) বিধিমালা, ২০০৬ এ কল্যাণ তহবিল হতে প্রদেয় অনুদান এবং যৌথবীমার জন্য আবেদন দাখিলের সময়সীমা এবং অনুদান প্রাপক সম্পর্কে সুনির্দিষ্ট উল্লেখ থাকলেও দাফন/অভ্যন্তরীণ অনুদানের জন্য আবেদন দাখিলের সময়সীমা এবং অনুদান প্রাপক সম্পর্কে সুনির্দিষ্ট উল্লেখ না থাকায় এ বিষয়ে সিদ্ধান্ত প্রাপ্ত হচ্ছে। এ জটিলতা নিরসনকলে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসৃত হবে:

- বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ এবং বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) বিধিমালা, ২০০৬ এ কল্যাণ তহবিল হতে প্রদেয় অনুদান এবং যৌথবীমার আবেদন দাখিলের জন্য যে সময়সীমা ও পদ্ধতি বর্ণিত আছে, তা অনুসরণ করতে হবে, অর্থাৎ কর্মকর্তা-কর্মচারীর মৃত্যুর হ্যায় মাসের মধ্যে আবেদন দাখিল করতে হবে। বিলম্বের ক্ষেত্রে মৃত্যু কর্মচারীর অফিস প্রধানের প্রতিষ্ঠানের যুক্তিসন্দৰ্ভে কারণ ব্যাখ্যা প্রদান করতে হবে। এক্ষেত্রে নির্ধারিত ফরমের পরবর্তী সংস্করণে সংশ্লিষ্ট কলামে এ বিষয়টি মুদ্রিত করা হবে। বর্তমানে প্রচলিত নির্ধারিত ফরমের নির্দিষ্ট ছানে একটি সীলনোহর তৈরি করে ব্যবহার যেতে পারে;
- কল্যাণ তহবিল হতে প্রদেয় অনুদান এবং যৌথবীমার মতো দাফন অনুদান কর্মচারীর পরিবারের ক্ষমতাপ্রাপ্ত সদস্য/সদস্যদেরকে প্রদান করতে হবে; তবে মৃত্যু কর্মচারীর পরিবারের কোন সদস্য না থাকলে সেক্ষেত্রে তাঁর দাফন বা সংকারের জন্য প্রকৃতপক্ষে যিনি ব্যয়বহন করে থাকেন তাঁকে এ অনুদান প্রদান করা যাবে। তবে শর্ত থাকে যে, এক্ষেত্রে বিষয়টি সংশ্লিষ্ট ছানীয় সরকারের জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত এবং মৃত্যু কর্মচারীর অফিস প্রধান কর্তৃক প্রতিষ্ঠানের প্রতিষ্ঠানে প্রদান কর্তৃক প্রতিষ্ঠানের হতে হবে।

০২। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ০৫/০৩/২০০৯ খ্রি. তারিখের বাককবো/কত-২০৩/২০০৬-১৫৩০ নং পত্র অনুযায়ী কল্যাণ তহবিল ও যৌথবীমার দাবীর অনুদান আবেদনকারীর বর্তমান ঠিকানা অনুযায়ী কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট কার্যালয় হতে নিষ্পত্তি করা হয় কিন্তু দাফন অনুদান মৃত্যু কর্মচারীর সর্বশেষ কর্মসূলের ঠিকানা অনুযায়ী কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট কার্যালয় হতে নিষ্পত্তি করা হচ্ছে। ফলে মৃত্যু কর্মকর্তা-কর্মচারীর পরিবারকে কল্যাণ তহবিল, যৌথবীমা এবং দাফন অনুদানের জন্য দুই অফিসে যোগাযোগ করতে হয়। এতে তাঁরা হয়রানীর সম্মুখীন হন এবং ভোগান্তিতে পড়েন। এ অবস্থা নিরসনকলে কর্মকর্তা-কর্মচারীর সর্বশেষ কর্মসূল অনুযায়ী কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট কার্যালয় হতে কল্যাণ তহবিল হতে প্রদেয় অনুদান এবং যৌথবীমা এবং দাফন অনুদানের আবেদন নিষ্পত্তি হবে। কল্যাণ তহবিল হতে প্রদেয় অনুদান উত্তোলনের ক্ষেত্রে আবেদনকারী তাঁর সুবিধামত সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট শাখার নাম আবেদনে উল্লেখ করবেন। উক্ত আবেদনসমূহ নিষ্পত্তিকারী কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট কার্যালয় কল্যাণ ভাতার কার্ডসমূহ সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট কর্পোরেট শাখায় যথারীতি প্রেরণ করবে। সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট কর্পোরেট শাখায় অতঃপর কল্যাণ ভাতার কার্ডসমূহ বোর্ডের নির্দেশনা অনুযায়ী সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবে।

শুভেচ্ছা
(শিরিন আখতার)

অতিরিক্ত সচিব

মহাপরিচালক

ফোন: ৯৮৪৯৩২৩

ই-মেইল:dg@bkkb.gov.bd

বিতরণ:

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব/ সচিব (সকল),..... মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ (তাঁর অধীন দণ্ডন/ অধিদণ্ডকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর বিভাগ।
- ০৪। পরিচালক (প্রশাসন ও কল্যাণ)/ পরিচালক (কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। উপপরিচালক (প্রশাসন ও কল্যাণ)/ উপপরিচালক (কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর।
- ০৭। প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধসহ)।